

া সহীহ মুসলিম (হাদীস একাডেমী)

হাদিস নাম্বারঃ ২৩৭৩ [আন্তর্জাতিক নাম্বারঃ ১০৭৩]

১৩। যাকাত (كتاب الزكاة)

পরিচ্ছেদঃ ৫২. নাবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম, বানী হাশিম ও বানী মুত্ত্বালিবের জন্য হাদিয়্যাহ্ উপটোকন গ্রহণ করা জায়িয যদিও হাদিয়্যাহ্ দাতা তা সদাকাহ্ স্বরূপ পেয়ে থাকে, সদাকাহ যখন গ্রহীতার হস্তগত হয় তখন তা থেকে সদাকার বৈশিষ্ট্য দূরীভূত হয়ে যায় এমনকি যাদের জন্য সদাকাহ ভক্ষণ করা হারাম তাদের জন্যও তা হালাল হয়ে যায়

باب إباحة الهدية للنبي صلى الله عليه وسلم ولبني هاشم وبني المطلب وإن كان المهدي ملكها بطريق الصدقة وبيان أن الصدقة إذا قبضها المتصدق عليه زال عنها وصف الصدقة وحلت لكل أحد ممن كانت الصدقة محرمة عليه

আরবী

حَدَّثَنَا قُتَيْبَةُ بْنُ سَعِيدٍ، حَدَّثَنَا لَيْتُ، ح وَحَدَّثَنَا مُحَمَّدُ بْنُ رُمْحٍ، أَخْبَرَنَا اللَّيْثُ، عَنِ ابْنِ شِهَابٍ، أَنَّ عُبَيْدَ بْنَ السَّبَّاقِ، قَالَ إِنَّ جُوَيْرِيَةَ زَوْجَ النَّبِيِّ صلى الله عليه وسلم أَخْبَرَتْهُ أَنَّ رَسُولَ اللَّهِ صلى الله عليه وسلم دَخَلَ عَلَيْهَا فَقَالَ " هَلْ مِنْ طَعَامٍ ". قَالَتْ لاَ وَاللَّهِ أَنَّ رَسُولَ اللَّهِ صلى الله عليه وسلم دَخَلَ عَلَيْهَا فَقَالَ " هَلْ مِنْ طَعَامٍ ". قَالَتْ لاَ وَاللَّهِ يَا رَسُولَ اللَّهِ مَا عِنْدَنَا طَعَامُ إِلاَّ عَظْمٌ مِنْ شَاةٍ أُعْطِيَتْهُ مَوْلاَتِي مِنَ الصَّدَقَةِ . فَقَالَ " قَالَ " قَرِّبِيهِ فَقَدْ بَلَغَتْ مَحِلَّهَا ".

বাংলা

২৩৭৩-(১৬৯/১০৭৩) কুতায়বাহ ইবনু সাঈদ ও মুহাম্মাদ ইবনু রুমূহ (রহঃ) নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম এর স্ত্রী জুওয়াইরিয়াহ (রাযিঃ) তাকে এ হাদীস অবহিত করেছেন। রসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম তার ঘরে এসে বললেনঃ খাওয়ার কিছু আছে কি? তিনি (উত্তরে) বললেন, আল্লাহর শপথ! হে আল্লাহর রসূল! আমাদের কাছে খাওয়ার কিছু নেই। তবে বকরীর কয়েকটি হাড় আছে। এটা আমার মুক্ত দাসীকে সাদাকা হিসেবে দেয়া হয়েছে। তিনি বললেনঃ তা আমার কাছে নিয়ে এসো, কেননা সাদাকা তার নির্দিষ্ট স্থানে পৌছে গেছে। (ইসলামিক ফাউন্ডেশন ২৩৫১, ইসলামীক সেন্টার ২৩৫১)

English

Juwayriya, the wife of the Messenger of Allah (ﷺ)" said that Messenger of



Allah (ﷺ) came to her and said:

Is there anything to eat? She said: Messenger of Allah, I swear by God, there is no food with us except a bone of goat which my freed maid-servant was given as sadaqa. Upon this he said: Bring that to me, for it (the sadaqa) has reached its destination.

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি 🛘 বর্ণনাকারীঃ জুয়াইরিয়া বিনতে হারিস (রাঃ)

🚨 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন